দৈনিক সংবাদ

তারিখ ... 07 APR 1990
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৭ ...



সলিমুল্লাহ মেডিক্যাল কলেজ ছাত্রীবাসে স্থান সংকটের কারণে ছাত্রীরা ডাইনিং রুমে থাকার ব্যবস্থা করেছে। —সংবাদ

## সলিমুল্লাহ মেডিক্যাল কলেজ

# ছাত্রীদের আবাসিক সংকট প্রকট

(মিটফোর্ড সংবাদদাতা)

সলিমুল্লাহ মেডিক্যাল কলেজের উল্লেখযোগ্য সংখ্যক ছাত্রী সীট সংকটের কারণে গত এক বছর ধরে ছাত্রীবাসের চরম অসুবিধার মধ্যে রয়েছেন। এই সংকটের কারণে কর্তৃপক্ষ ছাত্রীবাসের এক একটি সীট দু'জন ছাত্রীর নামে বরাদ্দ করার উদাহরণও সৃষ্টি করেছেন বলে জানা গেছে।

ছাত্রীবাসে ১৪০ জন ছাত্রীর থাকার ব্যবস্থা আছে, কিন্তু ছাত্রী সংখ্যা তিনশ'রও বেশী। কলেজে কোন ইন্টার্নী হোস্টেল না থাকায় মহিলা ইন্টার্নী ডাক্তারদের ছাত্রীবাসে থাকতে হয় বলে সমস্যা আরো বেড়েছে।

১৯৮৭ সালে ছাত্র-ছাত্রীদের আন্দোলনের পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষ মাত্র ২০টি সীট বিশিষ্ট একটি টিনশেড ছাত্রীবাস তৈরী করে দেন। পরবর্তীকালে ছাত্রী সংখ্যা বেড়ে যাওয়ায় ছাত্রীরা নিজেরাই আসবাবপত্র কিনে ডাইনিং রুমে থাকা শুরু করে। পরের বছর কর্তৃপক্ষ এক একটি সীট দু'জনের নামে বরাদ্দ করেন। এতেও সমস্যা দূর না হওয়ায় এক পর্যায়ে ছাত্রীরা বারান্দায় আশ্রয় নেয়। কর্তৃপক্ষ পরে বারান্দা ঘিরে দিয়ে তা কোনরকমে বাসযোগ্য করে দেন।

এ রকম কষ্ট করে থাকতে থাকতে অনেক ছাত্রীরই অসুখ নিত্যসঙ্গী হয়ে দাঁড়িয়েছে বলে জানা গেছে। ছাত্রীদের অভিযোগ, প্রত্যেক বছর প্রজেক্ট ফাণ্ডে টাকা আসছে, কিন্তু ছাত্রীদের আবাসিক সমস্যা সমাধানে এক পয়সাও খরচ হচ্ছে না। ছাত্রীবাসে খাওয়ার জন্য চাল পর্যন্ত ছাত্রীদের কিনতে হচ্ছে। ছাত্রীদের আরো অভিযোগ, কলেজ কর্তৃপক্ষ উপর মহলে নিজেদের স্বার্থের জন্য যতটা চেষ্টা করেন তার সামান্যতমও ছাত্র-ছাত্রীদের জন্য করেন না।